

১শ পাঠ

মাখরাজ

হরফের উচ্চারণের স্থানকে মাখরাজ বলে

হরফ উচ্চারণের স্থান ৩ টি। যথা-

১. ঠোঁট

২. মুখের ভিতর

৩. কণ্ঠ নালী (হলক)

চলুন তবে জেনে নেয়া যাক মাখরাজ উচ্চারণের কৌশল সম্পর্কে। **হরফগুলোর উপর জজম/সাকিন দিয়ে আমরা সঠিক উচ্চারণ যাচাই করতে পারি।**

১. হলকের শুরু হতে

০ - ৬

২. হলকের মধ্যস্থান হতে

ح -ع

৩. হলের শেষভাগ হতে-

خ-ع

৪. জিহ্বার গোড়া তার বরাবর উপরের তালুর সঙ্গে
লাগিয়ে

ق

৫. জিহ্বার গোড়া হতে একটু আগে বাড়িয়ে তার
বরাবর ওপরের তালুর সঙ্গে লাগিয়ে

ك

৬. জিহ্বার মধ্যখান তার বরাবর উপরের তালুর
সঙ্গে লাগিয়ে

ي-ش-ج



৭. জিহ্বার গোড়ার কিনারা সামনের উপরের
একপাশের দাঁতের গোড়ার সঙ্গে লাগিয়ে

ض

৮. জিহ্বার আগার কিনারা সামনের উপরের
একপাশের দাঁতের গোড়ার সঙ্গে লাগিয়ে

ل

৯. জিহ্বার আগা তার বরাবর উপরের তালুর সঙ্গে
লাগিয়ে

ن

১০. জিহ্বার আগার পিঠ তার বরাবর উপরের তালুর
সঙ্গে লাগিয়ে

ر



১১. জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের
গোড়ার সঙ্গে লাগিয়ে

ت-د-ط

১২. জিহ্বার আগা সামনের নিচের দুই দাঁতের
আগার সঙ্গে লাগিয়ে

ز-س-ص

১৩. জিহ্বার আগা সামনের উপরের দুই দাঁতের
আগার সঙ্গে লাগিয়ে

ث-ذ-ظ

১৪. নিচের ঠোঁটের পেট সামনের উপরের দুই
দাঁতের আগার সঙ্গে লাগিয়ে

ف



১৫. দুই ঠোঁট হতে

(ب - و - م)

১৬. মুখের খালি জায়গা হতে মদ্বের হরফ উচ্চারিত হয়। মাদ্বের হরফ তিনটি। ওয়াও, আলিফ ও ইয়া। যবরের বাম পাশে খালি আলিফ, পেশের বাম পাশে জযমওয়ালা ওয়াও এবং জেরের বাম পাশে জযমওয়ালা ইয়া। মাদ্বের হরফ এক আলিফ টেনে পড়তে হয়।

با-بُو-بِي

১৭. নাকের বাঁশী হতে গুন্নাহ উচ্চারিত হয়।

إِنَّ-أَنَّ-أُمَّ



ABC Learning